# রাকী ফয়সাল আহমেদ সাবিত

এমবিবিএস শিক্ষার্থী, কুমিল্লা মেডিকেল কলেজ

আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার

Page: Raqi Faisal Ahmed Sabit | Telegram: Raqi Faisal Ahmed Sabit (Official)


# ঘর ও শরীরে আক্রমণকারী জ্বীন এবং জাদুটোনার বিরুদ্ধে তাহরীজ ও বিশেষ রুকইয়াহ

## পর্ব ১: তাহরীজ এবং সতর্কবাণী

نُحَرِّجُ عَلَيْكُمْ يَا مَعْشَرَ الْجِنِّ وَمُلُوكَهُمْ، وَيَا خُدَّامَ الْأَسْحَارِ، وَيَا سُكَّانَ الْبُيُوتِ وَالْعُمَّارِ، وَيَا مَنْ سَكَنْتُمُ الْأَبْدَانَ بِظُلْمٍ وَسِحْرٍ أَوْ عَيْنٍ. أَنْشُدُكُمْ بِاللَّهِ الْعَظِيمِ رَبِّ الْعَرْشِ الْعَظِيمِ أَنْ تَخْرُجُوا مِنْ هَذَا الْجَسَدِ طَاعَةً لِلَّهِ وَلِرَسُولِهِ. أُحَرِّجُ عَلَيْكُمْ بِاللَّهِ رَبِّ الْعَالَمِينَ، اخْرُجُوا فَإِنَّكُمْ رِجْسٌ، اخْرُجُوا وَلَا تَعُودُوا، لَا تُؤْذُوا مُسْلِمًا وَلَا مُسْلِمَةً، لَا تُعَطِّلُوا رِزْقًا وَلَا زَوَاجًا، لَا تُفَرِّقُوا بَيْنَ زَوْجَيْنِ.

এই তাহরীজ ও সতর্কতাটি পাঠ করুন এবং লাল চিহ্নিত অংশটি বারবার পাঠ করুন।

"হে জ্বীনের দল এবং তাদের রাজারা, হে জাদুটোনার খাদেমরা, হে ঘরবাড়িতে বসবাসকারী জ্বীন এবং ঐসব জ্বীন যারা জুলুম, জাদু বা বদনজরের মাধ্যমে শরীরে আশ্রয় নিয়েছ—আমি তোমাদের ওপর কড়াকড়ি আরোপ করছি। আমি তোমাদেরকে মহান আল্লাহর, যিনি মহান আরশের রব, তাঁর কসম দিচ্ছি—তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্যস্বরূপ এই শরীর থেকে বের হয়ে যাও। আমি রাব্বুল আলামিন আল্লাহর নামে তোমাদের ওপর কড়াকড়ি করছি, বের হয়ে যাও! কারণ তোমরা হলে অপবিত্র। বের হয়ে যাও এবং আর ফিরে এসো না। কোনো মুসলিম নারী-পুরুষকে কষ্ট দিয়ো না। কারও রিজিক বা বিয়েতে বাধা সৃষ্টি কোরো না, কোনো স্বামী-স্ত্রীর মাঝে বিচ্ছেদ ঘটিও না।"

## পর্ব ২: রাজত্ব ও ক্ষমতার আয়াতসমূহ

قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَن تَشَاءُ وَتَنزِعُ الْمُلْكَ مِمَّن تَشَاءُ وَتُعِزُّ مَن تَشَاءُ وَتُذِلُّ مَن تَشَاءُ ۖ بِيَدِكَ الْخَيْرُ ۖ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

এই আয়াতটি পাঠ করুন এবং লাল চিহ্নিত অংশটি ২৩ বার পাঠ করুন।

"বলুন, 'হে আল্লাহ! রাজত্বের মালিক! আপনি যাকে ইচ্ছা রাজত্ব দান করেন, আর যার কাছ থেকে ইচ্ছা রাজত্ব ছিনিয়ে নেন। আপনি যাকে ইচ্ছা সম্মানিত করেন, আর যাকে ইচ্ছা অপদস্থ করেন। সমস্ত কল্যাণ আপনারই হাতে। নিশ্চয় আপনি সব বিষয়ের ওপর পূর্ণ ক্ষমতাবান।'"

فَتَعَالَى اللَّهُ الْمَلِكُ الْحَقُّ ۖ لَا إِلَٰهَ إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْكَرِيمِ

এই আয়াতটি পাঠ করুন এবং লাল চিহ্নিত অংশটি ১৪ বার পাঠ করুন।

"অতঃপর মহিমান্বিত আল্লাহ, যিনি প্রকৃত মালিক। তিনি ছাড়া কোনো (সত্য) ইলাহ নেই; তিনি সম্মানিত আরশের রব।"

لِّمَنِ الْمُلْكُ الْيَوْمَ ۖ لِلَّهِ الْوَاحِدِ الْقَهَّارِ

এই আয়াতটি পাঠ করুন এবং লাল চিহ্নিত অংশগুলো ৮-৯ বার পাঠ করুন।

"আজ রাজত্ব কার? পরাক্রমশালী এক আল্লাহর।"

وَلَهُ الْمُلْكُ يَوْمَ يُنفَخُ فِي الصُّورِ ۚ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۚ وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ

এই আয়াতটি পাঠ করুন এবং লাল চিহ্নিত অংশটি ৬ বার পাঠ করুন।

---

"আর যেদিন শিঙ্গায় ফুঁক দেওয়া হবে সেদিন রাজত্ব হবে কেবল তাঁরই। তিনি দৃশ্য ও অদৃশ্যের জ্ঞাতা এবং তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।"

تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

এই আয়াতটি ১১ বার পাঠ করুন।

---

"বরকতময় তিনি, যাঁর হাতে সর্বময় কর্তৃত্ব; আর তিনি সব কিছুর ওপর ক্ষমতাবান।"

## পর্ব ৩: জাদুটোনা, গিরা ও জ্বীনের আক্রমণ ধ্বংসের বিশেষ রুকইয়াহ

بِسْمِ اللَّهِ نَحْبِسُكُمْ عَنِ الْأَذَى

بِسْمِ اللَّهِ تُحْرَقُ عُرُوشُ الظَّالِمِينَ

بِسْمِ اللَّهِ نَقْطَعُ مَدَدَ السَّحَرَةِ وَالْمُجْرِمِينَ

**এই দোয়াগুলো একাধিকবার পাঠ করুন (৬-৮ বার করে)।**

---

"আল্লাহর নামে আমরা তোমাদের ক্ষতি করা থেকে বন্দি করছি। আল্লাহর নামে জালিমদের সিংহাসনগুলো পুড়িয়ে দেওয়া হোক। আল্লাহর নামে জাদুকর ও অপরাধীদের সাহায্য ও রসদ ছিন্ন করে দিচ্ছি।"

اللَّهُ أَكْبَرُ مِنْ كُلِّ مَلِكٍ مِنَ الْجِنِّ تَكَبَّرَ وَطَغَى

اللَّهُ أَكْبَرُ مِنْ كُلِّ خَادِمِ سِحْرٍ فِي الْجَسَدِ اخْتَفَى

بِسْمِ اللَّهِ يُنْسَفُ كُلُّ حِصْنٍ حَصِينٍ سَكَنْتُمُوهُ

এই দোয়াগুলো একাধিকবার পাঠ করুন এবং লাল চিহ্নিত শব্দগুলো বারবার উচ্চারণ করুন।

---

"জ্বীনদের মধ্যে যে রাজা অহংকার ও অবাধ্যতা করেছে, আল্লাহ তার চেয়েও মহান। যে জাদুর খাদেম শরীরের ভেতরে লুকিয়ে আছে, আল্লাহ তার চেয়েও মহান। আল্লাহর নামে, তোমাদের আশ্রয় নেওয়া প্রতিটি সুদৃঢ় দুর্গ ধ্বংস করে দেওয়া হোক।"

بِعِزَّةِ اللَّهِ يُفَكُّ كُلُّ رِبَاطٍ لِلْجِنِّ رَبَطْتُمُوهُ

اللَّهُ أَكْبَرُ عَلَى مَنْ عَقَدَ وَنَفَثَ

اللَّهُ أَكْبَرُ عَلَى مَنْ حَسَدَ

নিম্নোক্ত দোয়াটি একাধিকবার পাঠ করুন।

---

"আল্লাহর মর্যাদার কসম, জ্বীনদের তৈরি করা প্রতিটি বাঁধন খুলে দেওয়া হোক। যে ব্যক্তি গিরা দিয়েছে এবং তাতে ফুঁক দিয়েছে, আল্লাহ তার চেয়ে অনেক বড়। যে ব্যক্তি হিংসা করেছে, আল্লাহ তার চেয়ে অনেক বড়।"

بِسْمِ اللَّهِ نَطْرُدُكُمْ مِنْ جَوَانِبِ هَذَا الْبَيْتِ، وَمِنْ عُرُوقِ هَذَا الْجَسَدِ

بِسْمِ اللَّهِ تُبْطَلُ أَسْحَارُ التَّعْطِيلِ وَالْفَشَلِ

اللَّهُ أَكْبَرُ يُزَلْزِلُ أَرْكَانَ مَمَالِكِكُمُ الْخَفِيَّةِ

**এই দোয়াগুলো একাধিকবার পাঠ করুন এবং লাল চিহ্নিত অংশটি ৭ বার পাঠ করুন।**

---

"আল্লাহর নামে আমরা তোমাদের এই ঘরের প্রতিটি কোণ থেকে এবং এই শরীরের রগ-রেশা থেকে তাড়িয়ে দিচ্ছি। আল্লাহর নামে, কাজ আটকে রাখা এবং ব্যর্থ করে দেওয়ার সকল জাদু বাতিল করে দেওয়া হোক। আল্লাহ মহান, তিনি তোমাদের গোপন সাম্রাজ্যের ভিত্তিগুলো প্রকম্পিত করে দিন।"

بِسْمِ اللَّهِ يُكْسَرُ كُلُّ قَيْدٍ مَوْرُوثٍ أَوْ مَصْنُوعٍ

بِعِزَّةِ اللَّهِ يَنْتَهِي سُلْطَانُ التَّوَابِعِ وَالزَّوَابِعِ

اللَّهُ أَكْبَرُ حِينَ تَخْرُجُونَ، اللَّهُ أَكْبَرُ حِينَ تَرْحَلُونَ

**নিম্নোক্ত দোয়াটি একাধিকবার পাঠ করুন।**

---

"আল্লাহর নামে, বংশানুক্রমিক বা নতুন তৈরি করা প্রতিটি শিকল ভেঙে দেওয়া হোক। আল্লাহর মর্যাদার কসম, সমস্ত শয়তানি অনুচর ও ঝড়ের আধিপত্য শেষ হয়ে যাক। তোমরা যখন বের হয়ে যাবে, তখন আল্লাহ মহান; তোমরা যখন চিরতরে চলে যাবে, তখন আল্লাহ মহান।"

بِسْمِ اللَّهِ الْقَاصِمِ لِكُلِّ جَبَّارٍ عَنِيدٍ

بِسْمِ اللَّهِ يُبْطَلُ سِحْرُ التَّفْرِيقِ بَيْنَ الْأَزْوَاجِ

بِعِزَّةِ اللَّهِ يُطْفَأُ نَارُ الْحِقْدِ وَالْغِلِّ فِي الْقُلُوبِ

**প্রথম অংশটি ৬ বার এবং বাকি দোয়া একাধিকবার পাঠ করুন।**

---

"আল্লাহর নামে, যিনি প্রত্যেক অহংকারী অবাধ্যকে চূর্ণকারী। আল্লাহর নামে, স্বামী-স্ত্রীর মাঝে বিচ্ছেদের জাদু বাতিল করে দেওয়া হোক। আল্লাহর মর্যাদার কসম, অন্তরসমূহের ক্ষোভ ও আক্রোশের আগুন নিভিয়ে দেওয়া হোক।"

اللَّهُ أَكْبَرُ تُزْهَقُ بِهَا أَرْوَاحُ الشَّيَاطِينِ الْمُعْتَدِيَةِ

بِسْمِ اللَّهِ نَسُدُّ عَلَيْكُمْ كُلَّ مَدْخَلٍ وَمَخْرَجٍ، وَنَمْنَعُكُمُ الْمَدَدَ وَالْخَبَرَ

اللَّهُ أَكْبَرُ يُحْرَقُ كُلُّ طَيَّارٍ وَكُلُّ غَوَّاصٍ

بِسْمِ اللَّهِ يُهْدَمُ كُلُّ عَرْشٍ بُنِيَ عَلَى الْمَعَاصِي

بِعِزَّةِ اللَّهِ نَسْحَقُ كِبْرِيَاءَ مُلُوكِ الْجَانِّ

**এই দোয়াগুলো একাধিকবার পাঠ করুন এবং শেষ লাইনটি ৮ বার পাঠ করুন।**

---

"আল্লাহ মহান, এর মাধ্যমে সীমালঙ্ঘনকারী শয়তানদের আত্মা ধ্বংস হয়ে যাক। আল্লাহর নামে, আমরা তোমাদের ঢোকা ও বের হওয়ার সব পথ বন্ধ করে দিচ্ছি, এবং তোমাদের সাহায্য ও খবর পৌঁছানো আটকে দিচ্ছি। আল্লাহ মহান, প্রত্যেক উড়ন্ত এবং ডুবুরি জ্বীনকে পুড়িয়ে দেওয়া হোক। আল্লাহর নামে, পাপের ওপর নির্মিত প্রতিটি সিংহাসন গুঁড়িয়ে দেওয়া হোক। আল্লাহর মর্যাদার কসম, আমরা জ্বীন রাজাদের অহংকার চূর্ণ-বিচূর্ণ করে দিচ্ছি।"

## পর্ব ৪: রোগমুক্তি ও বদনজর থেকে হিফাজতের দোয়া

بِسْمِ اللَّهِ يُبْطَلُ سِحْرُ الْمَرَضِ وَالْأَوْجَاعِ

بِعِزَّةِ اللَّهِ يُبْطَلُ سِحْرُ الْخُمُولِ وَالْكَسَلِ

اللَّهُ أَكْبَرُ تَخْرُجُونَ أَذِلَّةً صَاغِرِينَ

**প্রথম অংশটি ৮ বার এবং বাকি দোয়া একাধিকবার পাঠ করুন।**

---

"আল্লাহর নামে, রোগ-ব্যাধি ও ব্যথার জাদু বাতিল করে দেওয়া হোক। আল্লাহর মর্যাদার কসম, দুর্বলতা ও অলসতার জাদু বাতিল করে দেওয়া হোক। আল্লাহ মহান, তোমরা লাঞ্ছিত ও অপদস্থ হয়ে বের হবে।"

بِسْمِ اللَّهِ يُرَدُّ كَيْدُهُمْ فِي نُحُورِهِمْ

بِعِزَّةِ اللَّهِ تَنْقَطِعُ أَنْفَاسُ مَنْ أَرَادَ بِنَا سُوءًا

اللَّهُمَّ أَنْزِلْ بَلَاءَكَ عَلَى الظَّالِمِينَ وَبَأْسَكَ الشَّدِيدَ عَلَى كُلِّ شَيْطَانٍ عَنِيدٍ

بِسْمِ اللَّهِ نُطَهِّرُ الْجَسَدَ مِنْ كُلِّ دَنَسٍ شَيْطَانِيٍّ

وَبِعِزَّةِ اللَّهِ نُحَصِّنُ الْبَيْتَ بِذِكْرِ اللَّهِ

নিম্নোক্ত দোয়াটি একাধিকবার পাঠ করুন।

---

"আল্লাহর নামে, তাদের ষড়যন্ত্র তাদের নিজেদের দিকেই উল্টে দেওয়া হোক। আল্লাহর মর্যাদার কসম, যারা আমাদের অমঙ্গল চায় তাদের শ্বাস রুদ্ধ হয়ে যাক। হে আল্লাহ! জালিমদের ওপর আপনার আজাব নাজিল করুন, এবং প্রত্যেক অবাধ্য শয়তানের ওপর আপনার কঠোর শাস্তি অবতীর্ণ করুন। আল্লাহর নামে, আমরা শরীরকে সকল শয়তানি অপবিত্রতা থেকে পবিত্র করছি। আল্লাহর মর্যাদার কসম, আমরা আল্লাহর জিকিরের মাধ্যমে এই ঘরকে সুরক্ষিত করছি।"

## পর্ব ৫: বাতিলকে ধ্বংস করার আয়াত

## পর্ব ৬: নির্দিষ্ট জাদুটোনা ধ্বংসের দোয়া

بِعِزَّةِ اللَّهِ تُفَكُّ عُقَدُ الرَّأْسِ وَالصَّدْرِ وَالْبَطْنِ

اللَّهُ أَكْبَرُ يَنْفَجِرُ كُلُّ سِحْرٍ مَأْكُولٍ أَوْ مَشْرُوبٍ

بِسْمِ اللَّهِ يُنْزَعُ سِحْرُ الْمَقَابِرِ وَالنَّجَاسَاتِ

**প্রথম ও তৃতীয় অংশটি ৬ বার এবং দ্বিতীয় লাল চিহ্নিত অংশটি ১৫ বার পাঠ করুন।**

"আল্লাহর মর্যাদার কসম, মাথা, বুক ও পেটের গিরাগুলো খুলে দেওয়া হোক। আল্লাহ মহান, সমস্ত খাওয়ানো বা পান করানো জাদু বিস্ফোরণে ধ্বংস হয়ে যাক। আল্লাহর নামে, কবরস্থান ও অপবিত্র স্থানে রাখা জাদু উপড়ে ফেলা হোক।"

## পর্ব ৭: শেষ সতর্কবাণী ও আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা

بِعِزَّةِ اللَّهِ لَا قَرَارَ لَكُمْ فِينَا بَعْدَ الْيَوْمِ

اللَّهُ أَكْبَرُ تُحْرَقُونَ بِأَمْرِ اللَّهِ

لَا إِلٰهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

بِسْمِ اللَّهِ تَنْكَشِفُ الْغُمَّةُ وَيَزُولُ الْبَأْسُ

بِعِزَّةِ اللَّهِ نَسْتَعِينُ عَلَى مَنْ ظَلَمَنَا

اللَّهُ أَكْبَرُ تُقْطَعُ أَيْدِي السَّحَرَةِ وَأَعْوَانِهِمْ

بِسْمِ اللَّهِ يَعُودُ الرِّزْقُ وَيُفْتَحُ الْبَابُ

بِعِزَّةِ اللَّهِ يَعُودُ الْوِئَامُ وَتَزُولُ الْبَغْضَاءُ

بِسْمِ اللَّهِ يَنْتَهِي كُلُّ تَسْلِيطٍ وَانْتِقَامٍ

بِعِزَّةِ اللَّهِ نَحْمِي الْأَطْفَالَ وَالنِّسَاءَ وَالرِّجَالَ

نَصْرٌ مِّنَ اللَّهِ وَفَتْحٌ قَرِيبٌ

নিম্নোক্ত দোয়াগুলো গভীর বিশ্বাসের সাথে পাঠ করুন।

---

"আল্লাহর মর্যাদার কসম, আজকের পর আমাদের ভেতর তোমাদের কোনো স্থান নেই। আল্লাহ মহান, আল্লাহর হুকুমে তোমরা পুড়ে ছাই হয়ে যাবে। আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই, তিনি এক, তাঁর কোনো শরিক নেই। রাজত্ব তাঁরই এবং সমস্ত প্রশংসাও তাঁর। তিনি সব কিছুর ওপর ক্ষমতাবান। আল্লাহর নামে, সমস্ত দুঃখ-দুর্দশা কেটে যাবে এবং বিপদ দূর হবে। আল্লাহর মর্যাদার কসম, আমরা জালেমদের বিরুদ্ধে আল্লাহর সাহায্য প্রার্থনা করছি। আল্লাহ মহান, জাদুকর এবং তাদের সহযোগীদের হাত কেটে দেওয়া হোক। আল্লাহর নামে, রিজিক ফিরে আসুক এবং রহমতের দরজা খুলে যাক। আল্লাহর মর্যাদার কসম, সম্প্রীতি ফিরে আসুক

اعْلَمُوا أَيُّهَا الظَّالِمُونَ، يَا مَعْشَرَ الْجِنِّ الظَّالِمِينَ، أَنَّكُمْ ظَلَمَةٌ مُعْتَدُونَ، وَأَنَّ اللَّهَ لَا يُحِبُّ الظَّالِمِينَ.

لِمَ تَسْكُنُونَ أَجْسَادًا حَرَّمَهَا اللَّهُ وَلِمَ تُخَرِّبُونَ بُيُوتًا عَمَّرَهَا اللَّهُ بِذِكْرِهِ؟

أَتَظُنُّونَ أَنَّكُمُ الْمُلُوكُ؟ كَلَّا، إِنَّمَا أَنْتُمْ عَبِيدٌ مَأْمُورُونَ، وَسَتَقِفُونَ بَيْنَ يَدَيِ الْقَهَّارِ. سَيَسْأَلُكُمُ اللَّهُ عَنْ كُلِّ دَمْعَةٍ ذُرِفَتْ، وَعَنْ كُلِّ مَرَضٍ سَبَّبْتُمُوهُ، وَعَنْ كُلِّ طَلَاقٍ تَسَبَّبْتُمْ فِيهِ.

وَمَا هُم بِضَارِّينَ بِهِ مِنْ أَحَدٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ. فَلَا قُوَّةَ لَكُمْ إِلَّا مَا شَاءَ اللَّهُ.

وَقَدْ جَاءَ إِذْنُ اللَّهِ بِتَطْهِيرِ هَذَا الْجَسَدِ، اِرْحَلُوا إِلَى بِلَادِ الْجِنِّ، لَا تَبْقَوْا فِي مَسَاكِنِ الْإِنْسَانِ. إِنَّ لَكُمْ مَوْعِدًا لَنْ تُخْلِفُوهُ، يَوْمَ أَنْ قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ: يَا مَعْشَرَ الْجِنِّ قَدِ اسْتَكْثَرْتُمْ مِنَ الْإِنْسِ.

---

"জেনে রেখো হে জালিমরা! হে অত্যাচারী জ্বীনের দল! নিশ্চয়ই তোমরা জালিম ও সীমালঙ্ঘনকারী, আর আল্লাহ জালিমদের পছন্দ করেন না। তোমরা কেন এমন শরীরে বসবাস করছ যা আল্লাহ হারাম করেছেন, এবং কেন এমন ঘরবাড়ি ধ্বংস করছ যা আল্লাহর জিকিরে আবাদ ছিল? তোমরা কি মনে করো তোমরাই রাজা? কক্ষনো নয়, তোমরা তো নির্দেশপ্রাপ্ত গোলাম মাত্র, আর শিগগিরই তোমাদের মহাপরাক্রমশালী আল্লাহর সামনে দাঁড়াতে হবে। আল্লাহ তোমাদেরকে প্রতিটি ঝরানো অশ্রুর হিসাব জিজ্ঞেস করবেন, তোমাদের তৈরি করা প্রতিটি রোগের হিসাব নেবেন, এবং তোমাদের কারণে হওয়া প্রতিটি তালাকের হিসাব চাইবেন। 'তারা আল্লাহর হুকুম ছাড়া এর মাধ্যমে কারও ক্ষতি করতে পারে না।' আল্লাহর ইচ্ছা ছাড়া তোমাদের কোনো শক্তি নেই। আর এই শরীর পবিত্র করার জন্য আল্লাহর নির্দেশ এসে গেছে। তোমরা জ্বীনদের দেশে চলে যাও, মানুষদের বাসস্থানে থেকো না। নিশ্চয়ই তোমাদের জন্য এমন এক সময় নির্ধারিত আছে যার ব্যতিক্রম হবে না, যেদিন আল্লাহ বলবেন: 'হে জ্বীনের দল! তোমরা তো অনেক মানুষকে বিভ্রান্ত করেছ।'"

## পর্ব ৮: সমাপনী দোয়া

اللَّهُمَّ يَا مَنْ لَا يُعْجِزُهُ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ

إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا

اللَّهُمَّ انْسِفْ عُرُوشَ مُلُوكِ الْجَانِّ السَّاكِنِينَ فِي هَذَا الْبَيْتِ وَهَذَا الْجَسَدِ

اللَّهُمَّ طَهِّرْ دِمَاءَنَا وَطَهِّرْ عُرُوقَنَا وَطَهِّرْ مَنَازِلَنَا مِنْ رِجْسِهِمْ وَنَجَاسَتِهِمْ

اللَّهُمَّ اقْطَعْ دَابِرَ مَنْ أَرَادَ التَّعْطِيلَ وَالتَّفْرِيقَ

اللَّهُمَّ اشْفِ كُلَّ مَرِيضٍ تَأَذَّى مِنْهُمْ وَفُكَّ كَرْبَ كُلِّ مَهْمُومٍ حَاصَرُوهُ

اللَّهُمَّ أَنْزِلْ عَلَيْهِمْ شُهُبًا مُحْرِقَةً إِذَا عَصَوْا وَأَبَوْا الْخُرُوجَ

اللَّهُمَّ ابْعَثْ عَلَيْهِمْ مَلَائِكَةً غِلَاظًا شِدَادًا يَطْرُدُونَهُمْ مِنْ حُصُونِهِمْ

**লাল চিহ্নিত আয়াতটি ৯ বার পাঠ করুন। সমাপ্তিতে বাকি দোয়াগুলো পূর্ণ একাগ্রতার সাথে পাঠ করুন।**

---

"হে আল্লাহ! যিনি আকাশ ও পৃথিবীর কোনো কিছুতেই অক্ষম নন। 'নিশ্চয়ই শয়তানের চক্রান্ত অত্যন্ত দুর্বল।' হে আল্লাহ! এই ঘরে এবং এই শরীরে বসবাসকারী জ্বীন রাজাদের সিংহাসন ধূলিস্যাৎ করে দিন। হে আল্লাহ! আমাদের রক্ত, আমাদের শিরা-উপশিরা এবং আমাদের বাড়িঘরকে তাদের অপবিত্রতা ও নোংরামি থেকে পবিত্র করুন। হে আল্লাহ! যারা কাজ আটকাতে ও বিচ্ছেদ ঘটাতে চেয়েছে, তাদের সমূলে বিনাশ করে দিন। হে আল্লাহ! তাদের কারণে কষ্ট পাওয়া প্রত্যেক রোগীকে সুস্থতা দান করুন, এবং তাদের অবরুদ্ধ করা প্রত্যেক চিন্তিত ব্যক্তির সংকট দূর করে দিন। হে আল্লাহ! তারা যদি অবাধ্য হয় এবং বের হতে অস্বীকার করে, তবে তাদের ওপর জ্বলন্ত উল্কা নিক্ষেপ করুন। হে আল্লাহ! তাদের ওপর এমন কঠোর ও শক্তিশালী ফেরেশতা প্রেরণ করুন যারা তাদেরকে তাদের দুর্গ থেকে বিতাড়িত করবে।"

اللَّهُمَّ يَا حَيُّ يَا قَيُّومُ، رَبَّ جِبْرَائِيلَ وَمِيكَائِيلَ وَإِسْرَافِيلَ

اخْلُفْ عَلَى هَذَا الْبَيْتِ بِالسَّكِينَةِ وَالْمَوَدَّةِ وَأَبْدِلْ مَرَضَهُمْ صِحَّةً، وَتُعْطِيهِمْ فَتْحًا وَتَيْسِيرًا

اللَّهُمَّ أَبْطِلْ سِحْرَهُمْ أَيْنَمَا كَانَ وَكَيْفَمَا كَانَ وَبِأَيِّ نِيَّةٍ كَانَ

بِسْمِ اللَّهِ خَتَمْنَا عَلَى الْجَسَدِ، بِسْمِ اللَّهِ حَصَّنَّا الْبَيْتَ، بِسْمِ اللَّهِ مَنَعْنَا الرُّجُوعَ

اللَّهُمَّ أَبْطِلْ سِحْرًا وَحُلَّ عُقْدًا وَفُكَّ رَبْطًا وَأَخْرِجْ عُيُونًا وَمَسًّا وَحَسَدًا بِحَوْلِكَ وَقُدْرَتِكَ يَا عَزِيزُ يَا قَدِيرُ

سُبْحَانَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُونَ وَسَلَامٌ عَلَى الْمُرْسَلِينَ وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

---

"হে আল্লাহ! হে চিরঞ্জীব, হে চিরস্থায়ী! জিব্রাইল, মিকাইল ও ইসরাফিলের রব! এই ঘরে প্রশান্তি ও ভালোবাসা ফিরিয়ে দিন, এবং তাদের রোগকে সুস্থতায় বদলে দিন, এবং তাদের জন্য বিজয় ও সহজতা দান করুন। হে আল্লাহ! তাদের জাদু যেখানেই থাক, যেমনই হোক, আর যে উদ্দেশ্যেই করা হোক—সব বাতিল করে দিন। আল্লাহর নামে আমরা শরীরে মোহর লাগিয়ে দিলাম, আল্লাহর নামে আমরা ঘর সুরক্ষিত করলাম, আল্লাহর নামে আমরা তাদের ফিরে আসা বন্ধ করলাম। হে আল্লাহ! আপনার শক্তি ও ক্ষমতায় সমস্ত জাদু বাতিল করুন, গিরা খুলে দিন, বাঁধন ছিন্ন করুন, এবং বদনজর, জ্বীনের আছর ও হিংসা দূর করুন। হে পরাক্রমশালী, হে সর্বশক্তিমান! আপনার রব, যিনি সম্মানের অধিকারী, তারা যা বর্ণনা করে তা থেকে তিনি কতই না পবিত্র! আর রাসূলগণের ওপর শান্তি বর্ষিত হোক, এবং সমস্ত প্রশংসা জগৎসমূহের প্রতিপালক আল্লাহর জন্য।"

আপনি যে সমস্যাগুলো থেকে বের হতে চান অথবা যে রোগ থেকে সুস্থতা লাভ করতে চান সেই সমস্যা ও রোগ গুলোকে ১, ২, ৩, এভাবে নাম্বার দিয়ে সিরিয়াল অনুযায়ী প্রথমে নোট ডাউন করে নিবেন। পরবর্তীতে এক নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য একদিন ৩০ মিনিট আপনি নিজেই রুকইয়াহ করবেন, দ্বিতীয় নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য দ্বিতীয় দিন ৩০ মিনিট রুকইয়াহ করবেন। তৃতীয় দিন তৃতীয় সমস্যা বা রোগটির জন্য, চতুর্থ দিন চতুর্থ সমস্যা বা রোগের জন্য। এভাবে সিরিয়াল অনুযায়ী...

## নিজেই নিজের রুকইয়াহ করার নিয়ম

"হে আল্লাহ আমার ঘর ও শরীরে আক্রমণকারী জ্বীন এবং জাদুটোনার সাথে সম্পৃক্ত সকল বদনজর, হাসাদ, সেহের, জ্বীন, শরীরের ভিতরে ও বাইরে থাকা শয়তান জ্বীন ও তাদের সকল প্রভাবকে আপনি ধ্বংস করে দিন"

উপরের এই বাংলা দোয়াটি ১৫ মিনিট পাঠ করবেন। আর বাকি ১৫ মিনিট সূরা ফাতিহা, ফালাক এবং নাস এবং উল্লেখিত আয়াত গুলো পাঠ করবেন।

এভাবে বাংলা ১৫ মিনিট দোয়া এবং ১৫ মিনিট কুরআনের আয়াত পাঠ করে মোট ৩০ মিনিট রুকইয়াহ শেষ করার পর পানি, মধু, গোলাপজল, অলিভ অয়েল, বড়ই পাতা , এগুলোতে হালকা থুতু দিয়ে মিশিয়ে ফুঁ দিবেন। ( শুরু করে দিন , অন্তত পানি দিয়ে হলেও , তারপর আস্তে আস্তে সংগ্রহ করুন )

এরপর করার ফলে আপনার নিজের রুকইয়াহও হলো আবার সাথে সাথে আপনার পড়া পানি, পড়া মধু, পড়া তেল ইত্যাদি সব সাপ্লিমেন্ট ব্যবহারের জন্য তৈরি হয়ে গেল।

## সাপ্লিমেন্ট ব্যবহার করার নিয়ম

আপনি রুকইয়াহ করে যে পড়া পানি তৈরি করেছেন সেখান থেকে আধা লিটার পড়া পানি নিয়ে তাতে পরিমাণ মতো এবং স্বাদ মতো লেবুর রস, মধু, সিদর পাতা মিশিয়ে শরবত বানিয়ে পুরোটা খেয়ে আপনার জন্য সাপোর্টিভ রুকইয়াহ অ্যাক্টিভ করবেন।

সাজেস্টেড অডিও: ঘর ও শরীর থেকে জ্বীন তাড়ানোর বিশেষ রুকইয়াহ

## রুকইয়াহ গোসল করবেন সপ্তাহে ১ দিন

গোসলের নিয়ম: এক বালতি গোসলের পানি নিন। তাতে ১ লিটার পড়া পানি, ১০-১৫ চামচ গোলাপজল এবং ১ থেকে ৩ চামচ অলিভ অয়েল এবং সাতটি বড়ই পাতা বেটে পেস্ট করে পানিতে মিশিয়ে ফেলুন। (

### পড়া অলিভ অয়েল ব্যবহার করবেন

গোসলের পর এবং রাতে ঘুমানোর আগে পুরো শরীরে পড়া অলিভ অয়েল মেখে নিবেন। বিশেষ করে আপনার শরীরের যে সকল জায়গায় ব্যথা করে, জ্বালাপোড়া করে এবং ফুসকুড়ি সেসব স্থানে ঐ পড়া অলিভ অয়েল দিয়ে ম্যাসাজ করবেন।

### পড়া পানি দিয়ে মুখ ধোবেন / স্প্রে করবেন

যখন আপনার বাসায় স্প্রে করবেন, তখন ঐ পানি দিয়ে স্প্রে করা হবে এবং পড়া পানি মিশিয়ে নিয়ে তা দিয়ে বাসার ফ্লোর মুছে নিবেন। একটি স্প্রে বোতলে পড়া পানি এবং সুগন্ধি ছাড়া এমন আতর মিশিয়ে বাসায় স্প্রে করবেন।

### আমল

সূরা কফ ৩ বার রাতে, সকালে সূরা ইয়াসিন, সন্ধ্যায় সূরা ওয়াকিয়া। এবং হিসনূন মুসলিম অ্যাপ থেকে সকাল সন্ধ্যার দুআ পড়বেন.

### সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ করবেন

নিয়মিত মাসনুন আমল করার পাশাপাশি নিজের সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ আদায় করবেন।

---


## রাকী ফয়সাল আহমেদ সাবিত

আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার